# বাঁধ মেরামত

## (রেফ্)



বর্ষা কাল । দু দিন সূর্যের দেখা নেই । সুবর্ণরেখা নদীতে বন্যা এসেছে । নদীর মূর্তি ভয়ঙ্কর । ঘোলা জলের ঘূর্ণি গর্জন করে ছুটছে । পর্বতের মত ঢেউ বাঁধের পাড়ে আছড়ে পড়ছে ।

দুর্গানগরের পূর্ব দিকের বাঁধে গর্ত দেখা দিয়েছে । বাঁধ ভাঙলে সর্বনাশ হবে । দু পাশের শহর গাঁ সব ডুবে যাবে । খেতের সব ফসল যাবে নদীর গর্তে ।

বাঁধের হাল দেখে পূর্ণ - সর্দার হাঁক দিল, — সবাই এস ! ছুটে এস ! বাধ বাঁধতে হবে ।

দুর্গাদাস দলবল নিয়ে ছুটে এল । ছুটে এল হর্ষবর্ধনের পাড়ার লোকেরা । পাশের গাঁয়ের মোড়ল নির্মল মুখার্জি । তাঁর নির্দেশে সে — গাঁয়ের কৃষক সভার কর্মীরাও এসে গেল । হাতের কাছে যে যা পেল, তুলে আনল । কোদাল ঝুড়ি, কড়াই,

বালতি, গামলা ইত্যাদি ।

অর্ধেক লোক ঝপাঝপ কোদাল মাটি কাটল । বাকি অর্ধেক লোক সেই মাটি বয়ে নিয়ে এল। গর্ত ভর্তি করল । বাঁধের অন্যান্য দুর্বল জায়গাগুলি মেরামত করল ।

বন্যার হাত থেকে গাঁ বাঁচল । তবে, এখন সর্বদা বাঁধে পাহারা দিতে হবে । দিন রাতের পাহারা। হাতে টর্চ ও বর্শা এবং মনে দুর্জয় সাহস নিয়ে পাহারাদাররা টহল দেবে।

**নিজে করো**

**1. লেখো —**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বর্ষা | — | র্ | + | ষ | = | র্ষ, | বর্ষা, | বার্ষিক, | বর্ষ । |
| সূর্য | — | র্ | + | য | = | র্য, | সূর্য, | কার্য, | ধৈর্য । |
| দুর্গা | — | র্ | + | গ | = | র্গ, | দুর্গা, | দুর্গতি, | দুর্গম । |
| অর্ধেক | — | র্ | + | ধ | = | র্ধ, | অর্ধেক, | অর্ধ, | বর্ধণ । |

**2. পড়ো ও লেখো —**

| | | | |
|---|---|---|---|
| ভর্তি, | ধর্ম, | সর্বদা, | তীর্থ, |
| অর্থ, | সর্দি, | দুর্দিন, | নির্দয়, |
| নর্দমা, | র্জদা, | উর্বর, | কর্ম, |
| বর্ণ, | দুর্ভাবনা, | দুদিন, | কর্তা, |
| তর্ক | | | |

**3. পড়ো ও বোঝো —**

পর্বত — পাহাড়     গর্তে — ভিতরে     পূর্ণ — পুরো ☐

নির্দেশ — হুকুম     কৃষক — চাষী     কর্মী — কাজের লোক

সর্বদা — সবসময়

**4. রেফ - ওয়ালা কথা দিয়ে ফাঁকা ঘরগুলি পূরণ কর —**

বাধ ভাঙলে স ☐ নাশ হবে ।

পূ ☐ স ☐ র হাঁক দিল ।

গাঁয়ের মোড়ল নি ☐ ল মুখা ☐

হাতে ট ☐ ও ☐ ব

**5. বলতো —**

কোন্ নদীতে বন্যা এসেছে ? বাঁধ ভাঙলে কী হবে ? কী দিয়ে মাটি কাটা হলো ?

**মুখস্ত করো ও আবৃত্তি করো —**

পূর্ব দিকে সূর্য ওঠে দীর্ঘ নিশি শেষে ।
আঁধার মুছে ফুল ফোটাবে আলোর রথে এসে ।
বর্ষাকালে পর্বতেরই গর্ভ থেকে উঠে ।